

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৪৫.১৫৫.০৫৬.৪৯.০১.০১.২০১৬-৭০৪

তারিখঃ ২৮-১১-২০১৬ খ্রিঃ


বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে মেরামত ও সংরক্ষণ খাতের ৪৯১৬ (যন্ত্রপাতি ও সরঞ্জাম) কোডের অর্থ বরাদ্দের চাহিদা প্রেরণ প্রসংগে।

সূত্রঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৩-১১-২০১৬ তারিখের ৪৫.১৫৫.০৫৬.৪৯.০১.০১.২০১৬-৬৬৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রে ২০১৬-২০১৭ অর্থ বছরে ৪৯১৬ (যন্ত্রপাতি ও সরঞ্জাম) কোডের অর্থ বরাদ্দের নিমিত্ত নিম্নোক্ত তথ্যাদিসহ চাহিদাপত্র ১৫(পনের) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিলঃ

- (ক) সংশ্লিষ্ট যন্ত্রপাতি পরীক্ষান্তে মেরামতের সুপারিশ সংক্রান্ত নিমিউ এন্ড টিসি'র প্রত্যয়ন;
- (খ) মেরামতযোগ্য বিস্তারিত যন্ত্রপাতির তালিকা;
- (গ) চাহিত অর্থের পরিমাণ;
- (ঘ) বকেয়া চাহিদা থাকলে বকেয়ার কারণসহ মেরামত সংক্রান্ত প্রমাণক সকল কাগজপত্র; এবং
- (ঙ) হাইটেক যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ বিল পরিশোধের চাহিদার ক্ষেত্রে চুক্তিপত্রের কপিসহ অর্থের পরিমাণ।

০২। কিন্তু অধিকাংশ প্রতিষ্ঠান হতে চাহিদাপত্র এখনও পাওয়া যায়নি। যে সকল প্রতিষ্ঠানের চাহিদাপত্র এখনও প্রেরণ করা হয়নি সে সকল প্রতিষ্ঠানের চাহিদাপত্র (উল্লিখিত তথ্যাদিসহ) আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।


(বেহানা ইয়াছমিনা)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)-----
- ২। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)-----
- ৩। পরিচালক, ঢাকা ডেন্টাল কলেজ, মিরপুর-১৪, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন, জেলা/জেনারেল হাসপাতাল (সকল)-----

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।